
পাঠ ৮

# ব্যাঙের সাজা



## পাঠের মূলকথা

'ব্যাঙের সাজা' গল্পে রাজদরবারে এক পিঁপড়া গিয়ে রাজার কাছে তার বাসা ভাঙার জন্য মুরগির বিচার দাবি করে। রাজা তাঁর সিপাইদের হুকুম দিলেন মুরগিকে ধরে আনার। রাজদরবারে মুরগি অভিযোগ করে যে, সাপ তার ডিম ভেঙে ফেলেছে। সাপকে ধরে এনে জিজ্ঞাসাবাদ করলে সাপ জানায়, হরিণের খুরের আঘাতে পালাতে গিয়ে মুরগির ডিম ভেঙেছে। হরিণের বিচার করতে গেলে হরিণ জানায় সারস পাখির দোষ। রাজার হুকুমে সারস পাখিকে ধরে আনলে সে জানাল তার মুখে বুলবুলি ঢুকে পড়েছিল। সে রাজার কাছে বুলবুলির বিচার দাবি করে। রাজা বুলবুলির কাছে শুনল– সে ব্যাঙের কাছে রাতে ঝড় হওয়ার খবর শুনে বাঁচার জায়গা খুঁজতে গিয়ে গর্ত মনে করে সারসের মুখে ঢুকে পড়েছিল। সিপাইরা গাছের নিচে গর্তে লুকিয়ে থাকা ব্যাঙকে ঠ্যাং ধরে টেনে চ্যাংদোলা করে রাজদরবারে হাজির করল। ব্যাঙ রাজাকে জানাল যে, সে শহরে বেড়াতে গিয়ে রাতে ঝড় হওয়ার কথা লোকের মুখে শুনে এসে বুলবুলিকে বলেছিল। রাজা বুঝলেন যে ব্যাঙ শহরের গুজব এনে বনে রটিয়ে বনের শান্তি নষ্ট করেছে। গুজব রটানোর দায়ে তিনি ব্যাঙকে শাস্তি দেওয়ার রায় দিলেন।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।
৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।
৭.১ বাংলা ভাষায় রচিত বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার বিষয়বস্তু বলতে পারা।
৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১১.১ চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা, প্রতিবেদনমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।
১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।
১৫.১ পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত বর্ণনামূলক ও তথ্যমূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কে লিখতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।
১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৭

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-২৬ | একবার .......... রাজা মশাই। |
| পিরিয়ড-২৭ | সিপাইরা .......... রাজা মশাই। |
| পিরিয়ড-২৮ | সিপাইরা .......... পা লেগেছে। |
| পিরিয়ড-২৯ | রাজা বললেন ....... রাজা মশাই। |

| | |
|---|---|
| পিরিয়ড-৩০ | রাজার আদেশ ...... রাজা মশাই। |
| পিরিয়ড-৩১ | রাজার সিপাইরা ......... মিথ্যা বলেছিলে কেন? |
| পিরিয়ড-৩২ | ব্যাঙ বলল ....... দাগ হয়ে গেল। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| অশান্তি | পিঁপড়া | মশাই | রক্ত | হরিণ | ভেঙে | দোষ | ঝাঁপটে | পরিষ্কার | বাঁচা |
| গর্ত | ব্যাঙ | মিথ্যা | কিন্তু | নষ্ট | শান্তি | শাস্তি | কাঁঠাল | কষ | দৌড় |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৩

রাজার দরবার, সিপাই, গুজব, রটানো, চাবুক।

**উত্তর :**

**রাজার দরবার** — রাজা যেখানে সভা করেন।

**সিপাই** — সৈনিক।

**গুজব** — মিথ্যা তথ্য।

**রটানো** — ছড়ানো।

**চাবুক** — মারার জন্য যে লাঠির মাথায় দড়ি থাকে।

### ২ নিচের শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৩

| পিলপিল | কক কক | হেঁইও হেঁইও | ঘ্যাঙর ঘ্যাঙ |
|---|---|---|---|

ক. পিঁপড়া ——— করে রাজার দরবারে গেল।

খ. মুরগি ——— করতে করতে এলো।

গ. ব্যাঙ বলল ———।

ঘ. ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে বলল ———।

**উত্তর :**

ক. পিঁপড়া **পিলপিল** করে রাজার দরবারে গেল।

খ. মুরগি **কক কক** করতে করতে এলো।

গ. ব্যাঙ বলল **ঘ্যাঙর ঘ্যাঙ**।

ঘ. ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে বলল– **হেঁইও, হেঁইও**।

### ৩ কোনটি সঠিক বাছাই করে বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৩

**ক. পিঁপড়া পিলপিল করে গেল–**

ক. শহরের কাছে খ. মাটির গর্তে

গ. কাঁঠাল গাছের তলায় ঘ. রাজার দরবারে

**উত্তর : ঘ. রাজার দরবারে**



**খ. লেজ থেকে রক্ত ঝরছে–**

ক. হরিণের খ. সাপের

গ. বুলবুলির ঘ. মুরগির

**উত্তর : খ. সাপের।**

**গ. ব্যাঙ বেড়াতে গিয়েছিল–**

ক. মুরগির বাড়ি খ. গর্তে

গ. গ্রামে ঘ. শহরে

**উত্তর : ঘ. শহরে।**

### ৪ বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৪

**প্রশ্ন ক. পিঁপড়া রাজার দরবারে গেল কেন?**

**উত্তর :** মুরগি পিঁপড়ার বাসা ভেঙে দিয়েছে, তাই পিঁপড়া বিচার চাইতে রাজার দরবারে গেল।

**প্রশ্ন খ. কে মুরগির ডিম ভেঙেছিল?**

**উত্তর :** সাপ মুরগির ডিম ভেঙেছিল।

**প্রশ্ন গ. বুলবুলি কোথায় ঢুকে পড়েছিল?**

**উত্তর :** বুলবুলি সারস পাখির মুখে ঢুকে পড়েছিল।

**প্রশ্ন ঘ. কীভাবে ব্যাঙের গায়ে দাগ হলো?**

**উত্তর :** রাজার সিপাইরা ব্যাঙকে শাস্তিস্বরূপ কাঁঠাল গাছের তলায় নিয়ে গিয়ে চাবুক মারতে লাগল। কিন্তু বারবার চাবুক গিয়ে লাগল কাঁঠাল গাছের ডালে। সেই কাঁঠাল গাছের কষ গড়িয়ে পড়ল ব্যাঙের গায়ে। তারপর থেকে ব্যাঙের গায়ে দাগ হয়ে গেল।


### ৫ ছবি দেখে নাম বলি এবং একটি করে বৈশিষ্ট্য লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৪




মুরগি– মুরগি একটি গৃহপালিত পাখি। এরা বছরে একাধিকবার ডিম পাড়ে এবং প্রতিবারে ১২ থেকে ২০টি পর্যন্ত ডিম দেয়।




**হরিণ–** হরিণ বন্যপ্রাণী। নিরীহ এ প্রাণীটি দ্রুত দৌড়াতে ও ঝাঁপ দিতে পারে।



**সাপ–** সাপ বিষধর প্রাণী। এরা বুকে ভর দিয়ে দ্রুত চলতে পারে। সাপের কামড়ে মানুষ মারা যায়।




**সারস–** সারস বিশাল আকৃতির পাখি। এটির গলা অনেক লম্বা।



**ব্যাঙ–** ব্যাঙ উভচর প্রাণী। এটি স্থলভাগে লাফিয়ে লাফিয়ে চলে।



**বুলবুলি–** ক্ষুদ্রাকৃতির বুলবুলি পাখি দেখতে খুব সুন্দর। সাধারণত এরা গাছের কোটরের মধ্যে বাস করে।



**পিঁপড়া–** পিঁপড়া পরিশ্রমী প্রাণী। এরা ছয় পায়ে পিলপিল করে চলে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ২৬ একবার .......... রাজা মশাই।**


**প্রশ্ন ১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**


**প্রশ্ন ক. বর্ষাকালে ডোবায় কোন প্রাণী ডাকাডাকি করে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বর্ষাকালে ব্যাঙ ডোবায় ডাকাডাকি করে।

**প্রশ্ন খ. পিঁপড়া কীভাবে চলে?**

**উত্তর :** পিঁপড়া পিলপিল করে চলে।





**প্রশ্ন ২. ছবিতে কী কী দেখা যাচ্ছে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** একটি ছবিতে পিঁপড়া রাজার কাছে নালিশ করছে। অন্য ছবিতে দেখা যাচ্ছে, সারস পাখির মুখে একটি বুলবুলি পাখি।

**প্রশ্ন ৩. কাকে ধরতে গিয়ে পিঁপড়ার বাসা ভেঙেছিল?**

**উত্তর :** সাপকে ধরতে গিয়ে পিঁপড়ার বাসা ভেঙেছিল।

**পিরিয়ড ২৭ সিপাইরা .......... রাজা মশাই।**

**প্রশ্ন ৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. সাপ কীভাবে চলে?**

**উত্তর :** সাপ বুকে ভর করে এঁকেবেঁকে চলে।

**প্রশ্ন খ. তোমাদের পরিচিত দশটি প্রাণীর নাম লেখ।**

**উত্তর :** মানুষ, হাঁস, মুরগি, কবুতর, কুকুর, বিড়াল, মাছ, গরু, ছাগল, মহিষ ইত্যাদি।

**প্রশ্ন ৫. শব্দ দুটির অর্থ বল এবং বাক্য লেখ।**


খুর, আঘাত।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| খুর | পায়ের নিচের শক্ত অংশ | হরিণ খুর দিয়ে সাপকে আঘাত করেছিল। |
| আঘাত | ব্যথা | আমরা কাউকে আঘাত দেব না। |

**পিরিয়ড ২৮ সিপাইরা .......... পা লেগেছে।**

**প্রশ্ন ৬. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও :** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ছবিতে দেখা যাচ্ছে একটি হরিণ ও একজন সিপাই।

**প্রশ্ন খ. হরিণকে কে ধরে নিয়ে যাচ্ছে?**

**উত্তর :** হরিণকে ধরে নিয়ে যাচ্ছে রাজার সিপাই।

**প্রশ্ন ৭. তোমরা কোথায় হরিণ দেখেছ?**

**উত্তর :** আমরা চিড়িয়াখানায় হরিণ দেখেছি।

**প্রশ্ন ৮. হরিণ কোথায় বাস করে?**

**উত্তর :** হরিণ বনে বাস করে।

**প্রশ্ন ৯. কে সাপকে ধরে নিয়ে এসেছিল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সিপাইরা সাপকে ধরে নিয়ে এসেছিল।


**প্রশ্ন ১০. কে সাপকে আঘাত করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : হরিণ সাপকে আঘাত করেছিল।

**প্রশ্ন ১১. ভয় পেলে আমরা কেমন করি?**

উত্তর : ভয় পেলে আমরা ভীত হই, বড় বড় নিশ্বাস নিই।

**পিরিয়ড ২৯ রাজা বললেন .......... রাজা মশাই।**



**প্রশ্ন ১২. ছবিতে কী কী দেখা যাচ্ছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ছবিতে একটি সারস পাখি ও তার মুখে একটি বুলবুলি পাখি দেখা যাচ্ছে।

**প্রশ্ন ১৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. সাপের লেজে কে আঘাত করেছিল?**

উত্তর : সাপের লেজে হরিণ আঘাত করেছিল।

**প্রশ্ন খ. বনে বাস করে এমন দশটি প্রাণীর নাম লেখ।**

উত্তর : হরিণ, বাঘ, সিংহ, সাপ, কুমির, বানর, শিয়াল, হাতি, পাখি, কীট-পতঙ্গ ইত্যাদি।

**পিরিয়ড ৩০ রাজার আদেশ ........ রাজা মশাই।**

**প্রশ্ন ১৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. বুলবুলির বিচার কে চেয়েছিল?**

উত্তর : সারস পাখি বুলবুলির বিচার চেয়েছিল।

**প্রশ্ন খ. বুলবুলিকে কে মিথ্যা ভয় দেখিয়েছিল?**

উত্তর : ব্যাঙ বুলবুলিকে মিথ্যা ভয় দেখিয়েছিল।

**প্রশ্ন গ. 'ব্যাঙ মিথ্যা ভয় দেখিয়েছে'— এই বাক্যে ফলাযুক্ত শব্দ কয়টি ও কী কী?**

উত্তর : 'ব্যাঙ মিথ্যা ভয় দেখিয়েছে'— এই বাক্যে ফলাযুক্ত শব্দ দুটি, যথা : ব্যাঙ ও মিথ্যা।

**পিরিয়ড ৩১ রাজার সিপাইরা .... মিথ্যা বলেছিলে কেন?**

**প্রশ্ন ১৫. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. বুলবুলি কার বিচার চেয়েছিল?**

উত্তর : বুলবুলি ব্যাঙের বিচার চেয়েছিল।

**প্রশ্ন খ. সিপাইরা কাকে চ্যাংদোলা করে এনেছিল?**

উত্তর : সিপাইরা ব্যাঙকে চ্যাংদোলা করে এনেছিল।

**প্রশ্ন গ. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

ঝড়, ব্যাঙ, ঠ্যাং, গর্ত, মিথ্যা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| ঝড় | ঝড়ের দিনে বের হবে না। |
| ব্যাঙ | আষাঢ়ে ব্যাঙ ডাকে। |
| ঠ্যাং | শিশুরা ব্যাঙের ঠ্যাং ধরে খেলছে। |
| গর্ত | গর্তে পা ফেলবে না। |
| মিথ্যা | কখনো মিথ্যা বলবে না। |

**পিরিয়ড ৩২ ব্যাঙ বলল .......... দাগ হয়ে গেল।**

**প্রশ্ন ১৬. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

শান্তি, নষ্ট, শাস্তি, কিন্তু।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| শান্তি | শান্‌তি |
| নষ্ট | নশ্‌টো |
| শাস্তি | শাস্‌তি |
| কিন্তু | কিন্‌তু |

**প্রশ্ন ১৭. ব্যাঙ কোথায় বেড়াতে গিয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ব্যাঙ শহরে বেড়াতে গিয়েছিল।

**প্রশ্ন ১৮. ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে সিপাইরা কী বলেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে সিপাইরা বলেছিল— হেঁইও, হেঁইও।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

বাসা, বিচার, খুর, ভয়, ডানা, ঝাপটেছিল, লেজ, ঝড়।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

বাসা — ঘর, বাড়ি।
বিচার — মীমাংসা, নিষ্পত্তি, ন্যায়-অন্যায় স্থিরীকরণ।
খুর — চতুষ্পদ প্রাণীর পায়ের অস্থিময় প্রান্তভাগ।
ভয় — ভীতি, ত্রাস, আশঙ্কা।
ডানা — পাখা, পাখনা।
ঝাপটেছিল — জোরে জোরে নেড়েছিল।
লেজ — পুচ্ছ, লাঙুল।
ঝড় — তুফান, ঝটিকা, ঝঞ্ঝা।

**প্রশ্ন ২. অনুচ্ছেদটিতে কয়টি ও কী কী প্রাণীর নাম রয়েছে লেখ।**

এক পিঁপড়া রাজার দরবারে গিয়ে বলল, রাজা মশাই বিচার করুন। মুরগি আমার বাসা ভেঙে ফেলেছে। মুরগি কককক করে বলল, সাপ আমার ডিম ভেঙে ফেলেছে। সাপকে ধরতে গিয়ে পিঁপড়ার বাসা ভেঙেছে। সিপাইরা সাপকে ধরে আনল। সাপের লেজ থেকে রক্ত ঝরছে। সে বলল, হরিণ খুর দিয়ে আমার লেজে আঘাত দিয়েছে। আমি পালাতে গিয়ে মুরগির ডিম ভেঙেছে। সিপাইরা গিয়ে হরিণকে ধরে আনল। হরিণের চোখে ভয়। সে বলল, সারস পাখির দোষ।

**উত্তর :** উপরের ঘটনায় পাঁচটি প্রাণীর নাম রয়েছে। যথা— ১. পিঁপড়া, ২. মুরগি, ৩. সাপ, ৪. হরিণ, ৫. সারস পাখি।

**প্রশ্ন ৩. ব্যাঙের সাজা গল্পটিতে কোন কোন প্রাণীর নাম উল্লেখ আছে তার একটি তালিকা তৈরি কর।**

**উত্তর :** গল্পে ব্যবহৃত প্রাণীর নামের তালিকা হলো— পিঁপড়া, মুরগি, সাপ, হরিণ, সারস, বুলবুলি, ব্যাঙ।

**প্রশ্ন ৪. সারস পাখির মুখের ভেতর কে ঢুকেছিল?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সারস পাখির মুখের ভেতর বুলবুলি পাখি ঢুকেছিল।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৫. ব্যাঙ কীভাবে ডাকে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ব্যাঙ ঘ্যাঙর ঘ্যাঙ শব্দ করে ডাকে।

**প্রশ্ন ৬. কে হরিণের বিচার চাইল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সাপ হরিণের বিচার চাইল।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**প্রশ্ন ৭. 'ব্যাঙের সাজা' গল্পে কার লেজ থেকে রক্ত ঝরছিল?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'ব্যাঙের সাজা' গল্পে সাপের লেজ থেকে রক্ত ঝরছিল।

**প্রশ্ন ৮. 'রক্ত' শব্দটির যুক্তবর্ণ ভেঙে নতুন একটি শব্দ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রক্ত শব্দটির যুক্তবর্ণ হলো— ক + ত = ক্ত। নতুন একটি শব্দ হলো— মুক্ত।

**প্রশ্ন ৯. তোমার পরিচিত যেকোনো একটি পাখির দুটি বৈশিষ্ট্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমার দেখা একটি পাখির নাম চড়ুই। এটি দেখতে খুবই ছোটো এবং এটি খুবই চতুর।

**প্রশ্ন ১০. ঝড়ের সময় ঘরের জানালা খোলা থাকলে কী ঘটে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঝড়ের সময় ঘরের জানালা খোলা থাকলে দুর্ঘটনা ঘটে।

**প্রশ্ন ১১. ঝড়ের সময় বনের পশু-পাখিরা কোথায় থাকে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঝড়ের সময় বনের পশু-পাখিরা গর্তে থাকে।

**প্রশ্ন ১২. বুলবুলি রাজাকে কী বলেছিল? তিনটি বাক্যে লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাজাকে বলা বুলবুলির তিনটি বাক্য হলো— ব্যাঙ আমাকে বলেছে রাতে ঝড় হবে। তাই আমি বাঁচার জন্য একটি জায়গা খুঁজছিলাম। আমি ভুলে গর্ত মনে করে সারসের মুখে ঢুকে পড়ি।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১৩. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

বন, রাজা, সাপ, রক্ত, রাত, গাছ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| বন | অরণ্য, বনানী |
| রাজা | নৃপতি, বাদশাহ, দেশশাসক |
| সাপ | সর্প, নাগ |
| রক্ত | শোণিত, রুধির |
| রাত | নিশি, রাত্রি |
| গাছ | বৃক্ষ, তরু |

বাংলা

**প্রশ্ন ১৪. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**
ভাঙা, শান্তি, ভয়, দোষ, আগে, রাত, বাঁচা, সত্য।
**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ভাঙা | গড়া |
| শান্তি | অশান্তি |
| ভয় | সাহস/নির্ভয় |
| দোষ | গুণ |
| আগে | পরে |
| রাত | দিন |
| বাঁচা | মরা |
| সত্য | মিথ্যা |

**প্রশ্ন ১৫. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**
ব্যাঙের ঠ্যাং ধরে চ্যাংদোলা করে আনা হলো রাজা বললেন ব্যাঙ তুমি মিথ্যা বলেছিলে কেন
রাজা বললেন তুমি শহরের গুজব এনে বনে রটিয়েছ বনের শান্তি নষ্ট করেছ গুজব রটানোর জন্য তোমার শাস্তি হবে

**উত্তর :** ব্যাঙের ঠ্যাং ধরে চ্যাংদোলা করে আনা হলো। রাজা বললেন, ব্যাঙ, তুমি মিথ্যা বলেছিলে কেন?
রাজা বললেন, তুমি শহরের গুজব এনে বনে রটিয়েছ। বনের শান্তি নষ্ট করেছ। গুজব রটানোর জন্য তোমার শাস্তি হবে।

**প্রশ্ন ১৬. মিথ্যা কথা আমাদের কী ক্ষতি করে? দুটি বাক্যে লেখ।**
▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** ১. মিথ্যা আমাদের সমাজের শান্তি নষ্ট করে। ২. মিথ্যা ধ্বংস ডেকে আনে।




**প্রশ্ন ১৭. গুজব রটিয়ে বনের কী ক্ষতি হলো?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** গুজব রটিয়ে বনের শান্তি নষ্ট হলো।

**প্রশ্ন ১৮. 'ব্যাঙের সাজা' গল্পটি পড়ে কী বুঝলে?**
▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** 'ব্যাঙের সাজা' গল্পটি পড়ে বুঝলাম— গুজব রটানো ভালো কাজ নয়।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**


**প্রশ্ন ১৯. তোমার পাঠ্যবইয়ের ভাষিক কাজের ছবি দেখে নাম বল।**
▶ সূত্র : শিক্ষক সহায়িকা



**উত্তর :** পাঠ্যবইয়ে বর্ণিত ছবিগুলো হলো— রাজা, পিঁপড়া, মুরগি, সাপ, সিপাই, হরিণ, ব্যাঙ, সারস পাখি, বুলবুলি পাখি।

**প্রশ্ন ২০. তোমার পছন্দের একটি পাখির ছবি এঁকে দুটি বৈশিষ্ট্য লেখ।**
▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** আমার পছন্দের পাখি দোয়েল।



**দোয়েলের দুটি বৈশিষ্ট্য :**
ক. দোয়েল খুব মিষ্টি সুরে গান করে।
খ. দোয়েলের পেট সাদা ও পিঠ কালো।

**প্রশ্ন ২১. কে রাজার দরবারে গেল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** পিঁপড়া রাজার দরবারে গেল।

**প্রশ্ন ২২. মুরগি কাকে ধরতে গিয়ে পিঁপড়ার বাসা ভেঙেছে?**
▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** মুরগি সাপকে ধরতে গিয়ে পিঁপড়ার বাসা ভেঙেছে।



**প্রশ্ন ২৩. ছবিতে কী কী দেখা যাচ্ছে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** ছবিতে একটি গাছের মূলকাণ্ড দেখা যাচ্ছে। পাশে কিছু গাছগাছালি।

**প্রশ্ন ২৪. হরিণ কেন ভয় পেয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা


**উত্তর :** সারস ডানা ঝাপটেছিল, তাই হরিণ ভয় পেয়েছিল।

**প্রশ্ন ২৫. সারস কেন গলা পরিষ্কার করছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বুলবুলি সারসের মুখে ঢুকে পড়েছিল। তাই সারস গলা খকখক করে পরিষ্কার করছিল।

**প্রশ্ন ২৬. 'পরিষ্কার' শব্দের সাথে মিল রেখে শব্দ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আবিষ্কার, দুষ্কর, নিষ্কাশন, নিষ্কর, বহিষ্কার।



**প্রশ্ন ২৭. ছবিতে কী কী দেখা যাচ্ছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবিতে একটি ব্যাঙকে দেখা যাচ্ছে। সেটি ডোবার পাড়ে বসে আছে।

**প্রশ্ন ২৮. ব্যাঙ কোথায় লুকিয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ব্যাঙ গাছের নিচে গর্তের মধ্যে লুকিয়েছিল।

**প্রশ্ন ২৯. গর্তের মধ্যে ব্যাঙের শরীরের কোন অংশ দেখা যাচ্ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গর্তের মধ্যে ব্যাঙের ঠ্যাং দেখা যাচ্ছিল।

**প্রশ্ন ৩০. সিপাইরা ব্যাঙকে কীভাবে ধরে এনেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সিপাইরা ব্যাঙের ঠ্যাং ধরে চ্যাংদোলা করে এনেছিল।

**প্রশ্ন ৩১. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

ভালো, ঘ্যাঙর ঘ্যাঙ, ঝড়, রাজার সিপাইরা, কাঁঠাল, চাবুক, পিলপিল, বিচার, সাপ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. গুজব ছড়ানো ——— নয়।
খ. ব্যাঙ বলল, ———।
গ. রাতে ——— হবে।
ঘ. ——— ব্যাঙটাকে ——— গাছের তলায় নিয়ে গেল।
ঙ. সিপাইরা ব্যাঙটাকে ——— মারতে লাগল।
চ. পিঁপড়া ——— করে চলে।
ছ. পিঁপড়া রাজার দরবারে গেল ——— চাওয়ার জন্য।
জ. ——— মুরগির ডিম ভেঙেছে।

**উত্তর :**

ক. গুজব ছড়ানো <u>ভালো</u> নয়।
খ. ব্যাঙ বলল, <u>ঘ্যাঙর ঘ্যাঙ</u>।
গ. রাতে <u>ঝড়</u> হবে।
ঘ. <u>রাজার সিপাইরা</u> ব্যাঙটাকে <u>কাঁঠাল</u> গাছের তলায় নিয়ে গেল।
ঙ. সিপাইরা ব্যাঙটাকে <u>চাবুক</u> মারতে লাগল।
চ. পিঁপড়া <u>পিলপিল</u> করে চলে।
ছ. পিঁপড়া রাজার দরবারে গেল <u>বিচার</u> চাওয়ার জন্য।
জ. <u>সাপ</u> মুরগির ডিম ভেঙেছে।

**প্রশ্ন ৩২. নিচের অনুচ্ছেদটির খালি ঘরে উপযুক্ত শব্দ বসিয়ে পূর্ণ কর।**

শাস্তি, গুজব, কষ, ব্যাঙের, শান্তি, ব্যাঙটাকে, শহরের, বনে, মারতে, কাঁঠাল গাছের ডালে।

রাজা বললেন, তুমি ——— গুজব এনে ——— রটিয়েছ। বনের ——— নষ্ট করেছ। ——— রটানোর জন্য তোমার ——— হবে। রাজার সিপাইরা ——— কাঁঠাল গাছের তলায় নিয়ে গেল। চাবুক ——— লাগল। কিন্তু বারবার চাবুক গিয়ে লাগল ———। সেই কাঁঠাল গাছের ——— গড়িয়ে পড়ল ——— গায়ে।

**উত্তর :** রাজা বললেন, তুমি **শহরের** গুজব এনে **বনে** রটিয়েছ। বনের **শান্তি** নষ্ট করেছ। **গুজব** রটানোর জন্য তোমার **শাস্তি** হবে। রাজার সিপাইরা **ব্যাঙটাকে** কাঁঠাল গাছের তলায় নিয়ে গেল। চাবুক **মারতে** লাগল। কিন্তু বারবার চাবুক গিয়ে লাগল **কাঁঠাল গাছের ডালে**। সেই কাঁঠাল গাছের **কষ** গড়িয়ে পড়ল **ব্যাঙের** গায়ে।

**প্রশ্ন ৩৩. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

রক্ত, পরিষ্কার, শান্তি, নষ্ট, শাস্তি।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| রক্ত | ক্ত | ক + ত | সিক্ত, শক্তি |
| পরিষ্কার | ষ্ক | ষ + ক | আবিষ্কার, বহিষ্কার |
| শান্তি | ন্ত | ন + ত | অশান্তি, শান্ত |
| নষ্ট | ষ্ট | ষ + ট | কষ্ট, বৃষ্টি |
| শাস্তি | স্ত | স + ত | অস্ত, সস্তা |

**প্রশ্ন ৩৪. বনের মধ্যে কে এবং কী গুজব ছড়িয়েছিল?**

**উত্তর :** বনের মধ্যে ব্যাঙ গুজব রটিয়েছিল যে, রাতে ঝড় হবে।

**প্রশ্ন ৩৫. সাপের লেজে হরিণ কী দিয়ে আঘাত দিয়েছিল?**

**উত্তর :** সাপের লেজে হরিণ খুর দিয়ে আঘাত দিয়েছিল।

**প্রশ্ন ৩৬. ব্যাঙের কথা শুনে রাজা কী বললেন?**

**উত্তর :** ব্যাঙের কথা শুনে রাজা বললেন, তুমি শহরের গুজব এনে বনে রটিয়েছ। বনের শান্তি নষ্ট করেছ। গুজব রটানোর জন্য তোমার শাস্তি হবে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| গল্পের অংশটুকু সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| গল্পের অংশটুকু নিজের ভাষায় বলতে পেরেছে। | | | |
| প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| গল্পের অংশটুকু ধারাবাহিকভাবে বলতে পেরেছে। | | | |
| গল্পের অংশ থেকে প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| নিজ পরিবেশের অভিজ্ঞতা লিখতে পেরেছে। | | | |
| বিরামচিহ্ন ব্যবহার করে শ্রুতলিপি লিখতে পেরেছে। | | | |
| রূপকথার গল্পের বিষয়বস্তু নিজের ভাষায় বলতে পেরেছে। | | | |
| ছবির বর্ণনা লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

### ধারাবাহিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ সময় : ...............

শিক্ষার্থীর নাম : ............................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। শূন্যস্থানে সঠিক শব্দ বসিয়ে খাতায় লেখ।

পিলপিল কক কক হেঁইও হেঁইও ঘ্যাঙর ঘ্যাঙ

ক. পিঁপড়া ——— করে রাজার দরবারে গেল।

খ. মুরগি ——— করতে করতে এলো।

গ. ব্যাঙ বলল ———।

ঘ. ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে বলল ———।

২। সঠিক উত্তরটি লেখ।

ক. পিঁপড়া পিলপিল করে গেল—
- ক. শহরের কাছে
- খ. মাটির গর্তে
- গ. কাঁঠাল গাছের তলায়
- ঘ. রাজার দরবারে

খ. লেজ থেকে রক্ত ঝরছে—
- ক. হরিণের
- খ. সাপের
- গ. বুলবুলির
- ঘ. মুরগির

গ. ব্যাঙ বেড়াতে গিয়েছিল—
- ক. মুরগির বাড়ি
- খ. গর্তে
- গ. গ্রামে
- ঘ. শহরে

৩। ছবিতে কী কী দেখা যাচ্ছে?



### উত্তরমালা

১ ▸ ক. পিঁপড়া **পিলপিল** করে রাজার দরবারে গেল।

খ. মুরগি **কক কক** করতে করতে এলো।

গ. ব্যাঙ বলল **ঘ্যাঙর ঘ্যাঙ**।

ঘ. ব্যাঙের ঠ্যাং ধরে টানতে টানতে বলল— হেঁইও, হেঁইও।

২ ▸ ক. (ঘ) রাজার দরবারে

খ. (খ) সাপের।

গ. (ঘ) শহরে।

৩ ▸ ছবিতে একটি সারস পাখি ও তার মুখে একটি বুলবুলি পাখি দেখা যাচ্ছে।

মূল্যায়ন রিপোর্ট : ............ শিখনের অর্জিত মাত্রা ☐